

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে মুট কোর্টে চ্যাম্পিয়ন লন্ডন কলেজ

Published: 27 Jan 2019 08:26 PM BdST Updated: 27 Jan 2019 08:27 PM BdST

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ‘খন্দকার মাহবুবউদ্দিন মেমোরিয়াল মুট কোর্ট কম্পিটিশনে’ চ্যাম্পিয়ন হয়েছে লন্ডন কলেজ অফ লিগ্যাল স্টাডিজের দল।

আন্তঃবিশ্ববিদ্যালয় ওই মুট কোর্ট প্রতিযোগিতায় তাদের কাছে হেরে রানার আপ হয়েছে ইস্টার্ন ইউনিভার্সিটির আইন বিভাগের দল।

রোববার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে শুক্র ও শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ওই প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার কথা জানানো হয়।

প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে বিচারক ছিলেন ব্র্যাক স্কুল অফ ল-এর অধ্যাপক সায়রা রহমান খান, হাই কোর্টের বিচারপতি সৈয়দ রিফাত আহমেদ ও সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট এ এফ হাসান আরিফ।

এই প্রতিযোগিতায় ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও লিডিং ইউনিভার্সিটির একটি করে এবং সাউথ ইস্ট ইউনিভার্সিটির দুটি দল অংশ নেয়।